

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৮

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মাগরিবের কিরাআত।

باب مَا جَاءَ فِي الْقِرَاءَةِ فِي الْمَغْرِبِ

## আরবী

حَدَّتَنَا هَنَادٌ، حَدَّتَنَا عَبْدَةُ بْنُ سُلَيْمَانَ، عَنْ مُحَمَّد بْنِ إِسْحَاقَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عَبْهَ عَنِ ابْنِ عَبَّاسٍ، عَنْ أُمِّهِ أُمِّ الْفَضْلُ، قَالَتْ خَرَجَ إِلَيْنَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ عَاصِبٌ رَأْسَهُ فِي مَرضِهِ فَصَلَّى الْمَعْرِبَ فَقَرَأَ بِالْمُرْسَلاتِ قَالَتْ فَمَا صَلَاهًا بَعْدُ حَتَّى لَقِيَ اللَّهَ . قَالَ وَفِي الْبَابِ عَنْ جُبَيْرِ بْنِ مُطْعِمٍ بِالْمُرْسَلاتِ قَالَتْ فَمَرَ وَأَبِي أَيُّوبَ وَزَيْد بْنِ تَابِت . قَالَ أَبُو عِيسَى حَديثُ أُمِّ الْفَضْلِ حَديثٌ حَسَنٌ صَحَدِيحٌ . وَقَدْ رُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ فِي الْمَغْرِبِ بِالأَعْرَافِ فِي الرَّكْعَتَيْنِ كِلْتَيْهِمَا . وَرُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ فِي الْمَغْرِب بِالطُّورِ . الرَّكْعَتَيْنِ كِلْتَيْهِمَا . وَرُويَ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ فِي الْمَغْرِب بِالطُّورِ . وَرُويَ عَنْ النَّبِي صلى الله عليه وسلم أَنَّهُ قَرَأَ فِي الْمَغْرِب بِالطُّورِ . وَرُويَ عَنْ النَّبِي مُوسَى أَنِ اقْرَأَ فِي الْمَغْرِب بِقِصَارِ الْمُفْصَلُ . وَرُويَ عَنْ أَبِي مُوسَى أَنِ اقْرَأَ فِي الْمَغْرِب بِقِصَارِ الْمُفْصَلُ . وَرُويَ عَنْ أَبِي بَكْرٍ الصِدِيقِ أَنَّهُ قَرَأَ فِي الْمَغْرِب بِقِصَارِ الْمُفْصَلُ . قَالَ وَعَلَى هَذَا الْعَمَلُ عِنْد وَرُويَ عَنْ مُالِكَ أَنْهُ مَلْ الْعِلْمِ وَبِهِ يَقُولُ الْبُنُ الْمُبَارِكِ وَأَحْمَدُ وَإِسْحَاقُ . وَقَالَ الشَّافِعِيُّ لاَ مُنْ يُقْرَأُ فِي صَلاَةِ الْمُفْرِب ِ بِالسُّورِ الطُّورِ وَالْمُرْسَلاتِ قَالَ الشَّافِعِيُّ لاَ أَكْرُ مَلُ الْ الْمُنْ مُنْ الْنَ الْمُؤْمِ وَالْمُرْسَلاتِ قَالَ الشَّافِعِيُّ لا أَكْرَهُ ذَلِكَ بَلْ أَلْمُ أَلْ أَنْ يُقْرَأُ فِي صَلَاقٍ أَنْ يُقْرَأُ فِي صَلَاقٍ أَنْ يُقْرَأُ فِي صَلَاقٍ أَلْ السَّافِعِي صَلَاقٍ الْمُؤْمِ وَ الْمُؤْمِ فِي الْمُعْرِب .

## বাংলা

৩০৮. হান্নাদ (রহঃ) ..... উম্মুল ফাদল রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর শেষ রোগ-শয্যায় ছিলেন। একদিন অসুস্থতার কারণে মাথায় পট্রি বেঁধে আমাদের কাছে বেরিয়ে আসলেন এবং মাগরিবের সালাত আদায় করলেন। এতে তিনি সূরা আল-মুরসালাত তিলাওয়াত করেছিলেন। এরপর মৃত্যু পর্যন্ত আর কোন সালাত তিনি পড়তে পারেন নি। - ইবনু মাজাহ ৮৩১, বুখারি ও মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ৩০৮ [আল মাদানী প্রকাশনী]



এই বিষয়ে জুবায়র ইবনু মুতইম, ইবনু উমর, আবৃ আয়ূয়ব, ও যায়দ ইবনু সাবিত রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবৃ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ উম্মুল ফাদল রাদিয়াল্লাহু আনহ বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামথেকে বর্ণিত আছে যে, তিনি মাগরিবের দুই রাকআতে সূরা আল-আ'রাফ তিলাওয়াত করেছেন। উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি মাগরিবের সালাত 'কিসার মুফাসসাল' থেকে তিলাওয়াত করতে আবৃ মূসা আশ্য়ারী রাদিয়াল্লাহু আনহু-কে লিখেছিলেন। আবৃ বকর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, তিনি মাগরিবের সালাতে 'কিসার মুফাসসাল' থেকে তিলাওয়াত করতেন।

ফকীহ আলিমগণ এই আমল করেছেন। ইবনু মুবারক, আহমদ ও ইসহাক (রহঃ) এই অভিমত ব্যক্ত করেছেন। ইমাম শাফিঈ (রহঃ) বলেনঃ ইমাম মালিক (রহঃ) থেকে বর্ণিত আছে যে, তিনি মাগরিবের সালাতে 'তিওয়াল মুফাসসাল' সূরাসমূহ যেমন সূরা তূর, সূরা আল-মুরসালাত-এর মত সূরা তিলাওয়াত করা মাকরূহ বলে অভিমত ব্যক্ত করেছেন। ইমাম শাফিঈ (রহঃ) বলেনঃ আমি তা মাকরূহ বলে মনে করি না; বরং এই ধরনের সূরা মাগরিবে তিলাওয়াত করা মুস্তাহাব।

## **English**

Umm Al-Fadl narrated:

"Allah's Messenger came out to us with his head bandaged from his illness. He prayed Maghrib, reciting (Surat) Al-Mursalat." [She said:] "He did not pray it again until he met Allah the Might and Sublime."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ উম্মু ফাযল (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন